## খাদ্য মন্ত্রণালয়ের ২০১৪-২০১৫ অর্থ বছরের এডিপিভূক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের উপর মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সার-সংক্ষেপ

| ক্রঃ নং | মন্ত্রণালয়ের নাম | মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা | সমাপ্ত প্রকল্পের ধরণ | | | মূল সময় ও ব্যয়ের তুলনায় | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বিনিয়োগ প্রকল্প সংখ্যা | কারিগরি সহায়তা প্রকল্পের সংখ্যা | জেডিসিএফ ভূক্ত প্রকল্পের সংখ্যা | সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ- | ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ- |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ০১ | খাদ্য মন্ত্রণালয় | ০২ | ০১ | ০১ | - | ০১ | ০১ | ০%-২৮.৩৫% বেশি | ০২ | ১.২৫%-৫৬% বেশি |

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ০২টি

২। ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ:

মূলতঃ নিম্নলিখিত কারণে প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধি করা হয়:

নতুন প্রকল্প এলাকা অন্তর্ভূক্ত, অনুমোদিত অংগ সমূহের ব্যয় বৃদ্ধি, নতুন অংগ সংযোজন, সঠিক পরিকল্পনার অভাব ইত্যাদি কারণে প্রকল্পের ব্যয় ও সময় বৃদ্ধি করা হয়।

৩। প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সমস্যা | সুপারিশসমূহ |
|---|---|---|
| ১। | পোস্তগোলা সরকারী আধুনিক ময়দার মিলটি সরকারী খাতে দেশের একমাত্র ময়দার মিল। মিল পরিচালনা সংক্রান্ত নীতিমালা ও সরকারী সিদ্ধান্তের অভাবে কোটি টাকা ব্যয়ে স্থাপিত এ মিলটি চালু করা যাচ্ছে না। | সারাবছর যেন মিলটি চালু রাখা যায় সে লক্ষ্যে মিল পরিচালনা সংক্রান্ত নীতিমালা প্রণয়নের মাধ্যমে মিলটি অবিলম্বে চালু করা প্রয়োজন। |
| ২। | সম্পূর্ণ কম্পিউটারাইজড পদ্ধতিতে নিয়ন্ত্রিত মিলটি পরিচালনার জন্য জনবল সংক্রান্ত কোন অর্গানোগ্রাম নেই; মিলটি চালু করতে গেলে অন্যান্য সাইলো থেকে লোক এনে তা চালু করতে হয় | মিলটি যথাযথভাবে পরিচালনার নিমিত্ত জনবলের একটি অর্গানোগ্রাম করার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। |
| ৩। | Silo Bin এ গম পাঠানোর জন্য যে Grain Receiving Pit রয়েছে তার উপরে কোন শেড না থাকায় বর্ষাকালে বা বৃষ্টির সময় Receiving Pit এ কোন গম দেয়া যাবে না। | ভবিষ্যতে বৃষ্টিজনিত সমস্যা মোকাবিলার জন্য Grain Receiving Pit এর উপর শেড নির্মাণের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। |
| ৪। | মিলটি চালু না হওয়ায় মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরীর যন্ত্রপাতি প্যাকেজজাত করে রাখা হয়েছে দীর্ঘদিন এ অবস্থায় থাকলে যন্ত্রপাতিগুলো নষ্ট হয়ে যেতে পারে। | মিলটি চালু করার সাথে সাথে মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরীটিও চালু করার ব্যবস্থা করতে হবে। |
| ৫। | জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও) এর প্রতিনিধিগণ প্রকল্পের অর্থ ব্যয় ও প্রকল্পের কারিগরী নীতি ও কর্ম-পরিকল্পনা তৈরী করে থাকেন। বাংলাদেশের পক্ষে সমন্বয়কারী হিসাবে এই প্রকল্পের একজন প্রকল্প পরিচালক থাকা উচিৎ ছিল। | ভবিষ্যতে এ ধরণের প্রকল্প গ্রহণের সময় বাংলাদেশের পক্ষে একজন প্রকল্প পরিচালকের উল্লেখ টিপিপিতে রাখার জন্য খাদ্য মন্ত্রণালয় উদ্যোগ গ্রহণ করবে। |
| ৬। | প্রকল্পের অর্থ ব্যয় সহ অন্যান্য আর্থিক কার্যাবলী সম্পূর্ণরূপে এফএও কর্তৃক সম্পন্ন করা হয়েছে। কিন্তু পিসিআর এ এ সংক্রান্ত কোন তথ্য নেই। | পরবর্তীতে পিসিআর প্রেরণের সময় প্রকল্প পরিচালক সহ অন্যান্য তথ্য সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে করতে হবে। |

## “পোস্তগোলা সরকারী আধুনিক ময়দা মিল স্থাপন (১ম সংশোধিত)” শীর্ষকপ্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন, ২০১৫)

১। **প্রকল্প নাম** : পোস্তগোলা সরকারী আধুনিক ময়দা মিল স্থাপন (১ম সংশোধিত)

২। **বাস্তবায়নকারী সংস্থা** : খাদ্য অধিদপ্তর

৩। **প্রশাসনিক মন্ত্রণালয়** : খাদ্য মন্ত্রণালয়

৪। **প্রকল্পের এলাকা** : পোস্তগোলা, ঢাকা।

৫। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ** (লক্ষ টাকায়)

| অনুমোদিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়ন | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত সময়ের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | ১ম সংশোধিত | | মূল | ১ম সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১৩০১৯.৫৯ | ১৩৪৭৩.৫৪ | ১৩১৮১.৭৮ | জুলাই,২০১২ হতে জুন, ২০১৫ | জুলাই,২০১২ হতে জুন, ২০১৫ | জুলাই,২০১২ হতে জুন, ২০১৫ | ১৬২.১৯ (১.২৫%) | সময় অতিক্রান্ত হয়নি |

৬। **অংগভিত্তিক অগ্রগতিঃ** পরিশিষ্ঠ “ক” তে সংযুক্ত।

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ**

প্রকল্প পরিদর্শন ও PCR পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পের আওতায় কোন কাজ অসমাপ্ত নেই।

৮। **প্রকল্প গ্রহণের পটভূমি, উদ্দেশ্য ও মূল কার্যক্রম**

৮.১। **প্রকল্পের পটভূমিঃ**

জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাবে বাংলাদেশ বিশ্বের একটি জলবায়ুদুর্গত দেশে পরিণত হচ্ছে। বন্যা, ঘুর্ণিঝড়, জলোচ্ছাস, খরা প্রায়শইঃ এ দেশে আঘাত হানছে। আয়বৃদ্ধি ও দারিদ্র বিমোচনে বাংলাদেশ বিগত ২০ বছরে যে সাফল্য অর্জন করেছে তাতে এসব প্রাকৃতিক দুর্যোগ ব্যাঘাত ঘটাচ্ছে এবং এমডিজি এর লক্ষ্য অর্জন কঠিন করে তুলছে। জনকল্যানে এই জলবায়ুর পরিবর্তনের সাথে অভিযোজনের চেষ্টা করা বাংলাদেশের জন্য খুবই প্রয়োজন। ২০০৮ সালের খাদ্য সংকট বাংলাদেশসহ সারা বিশ্বকে নাড়া দিয়েছে। সাধারণ মানুষের কষ্ট লাঘবের জন্য খাদ্য পণ্যের বাজারে স্থিতিশীল অবস্থা বজায় রাখা সরকারের নিকট একটি বড় চ্যালেন্জ । জাতীয় খাদ্য নীতির মূল লক্ষ্যই হল দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা । খাদ্য নিরাপত্তা আরো কার্যকরী করার জন্য পর্যাপ্ত আপদকালীন মজুদ রক্ষা করা জরুরী। খাদ্য নিরাপত্তা ব্যবস্থা শক্তিশালীকরণ এবং বাজার মূল্য স্থিতিশীল রাখার লক্ষ্যে পোস্তগোলা পুরাতন ময়দার মিলের জায়গায় দৈনিক ২০০ মেঃ টন ক্রাসিং ক্ষমতাসম্পন্ন একটি আধুনিক ময়দা মিল স্থাপনের লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি গ্রহন করা হয়।

**৮.২। প্রকল্পের উদ্দেশ্যঃ**

(ক) খাদ্য নিরাপত্তা কর্মসূচীর চাহিদা পূরণ;

(খ) আটা এবং ময়দার বাজার মূল্য স্থিতিশীল রাখা;

(গ) জরুরী এবং দূর্যোগকবলিত পরিস্থিতি মোকাবেলার জন্য আটা এবং ময়দার সংরক্ষণ ও সরবরাহ নিশ্চিতকরণ; এবং

(ঘ) প্রতিযোগিতামূলক বাজারে আটা এবং ময়াদার গুনগত মান বজায় রাখা।

**৮.৩। প্রকল্পের মূল কার্যক্রম:**

(ক) প্রতিদিন ২০০ মেঃ টন ক্রাসিং ক্ষমতা সম্পন্ন ১ (এক) টি ময়দা কল স্থাপন;

(খ) ১০,০০০ মেঃ টন ধারণ ক্ষমতা বিশিষ্ট ১ (এক) টি স্টীল সাইলো নির্মাণ; এবং

(গ) আনুষাংগিক স্থাপনা নির্মাণ।

**৯। প্রকল্প অনুমোদন ও সংশোধনঃ**

আলোচ্য প্রকল্পটি ০৮/০৫/২০১২ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় ১৩০১৯.৫৯ লক্ষ টাকা অনুমোদিত ব্যয়ে জুলাই ২০১২ হতে জুন,২০১৫ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত হয়। পরবর্তীতে পরার্মশক প্রতিষ্ঠানের পরামর্শ অনুযায়ী কংক্রিট সাইলো নির্মাণের পরিবর্তে স্টিল সাইলো নির্মাণে ব্যয় বৃদ্ধি এবং অন্যান্য অংগের ব্যয় হ্রাস বৃদ্ধির কারণে ১৩/০৮/২০১৩ তারিখে অনুষ্ঠিত ডিপিইসি সভার সুপারিশক্রমে মাননীয় খাদ্য মন্ত্রী কর্তৃক ১১/০৯/২০১৩ তারিখে ১ম সংশোধন করা হয়। সংশোধন মোতাবেক প্রকল্প ব্যয় নির্ধারিত হয় ১৩৪৭৩.৫৪ লক্ষ টাকা এবং বাস্তবায়ন মেয়াদ অপরিবর্তীত থাকে। সীমানা প্রাচীর নির্মাণ ব্যয় বৃদ্ধি পাওয়ায় সর্বশেষ ০৯/০৬/২০১৫ তারিখে অনুষ্ঠিত ডিপিইসি সভার সুপারিশক্রমে ফিজিক্যাল কন্টিনজেন্সী খাত হতে ১০০.০০ লক্ষ টাকা মূলধন খাতে সমন্বয় করা হয় যা মাননীয় খাদ্য মন্ত্রী কর্তৃক অনুমোদন করা হয়।

**১০। ডিপিপি লক্ষ্যমাত্রা, এডিপি/আরডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত তথ্যঃ**

**(লক্ষ টাকায়)**

| অর্থ বছর | ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | সংশোধিত এডিপি বরাদ্দ | অর্থ অবমুক্তি | ব্যয় |
|---|---|---|---|---|
| **২০১২-১৩** | ২৮১.৫২৪ | ২৮১.৫২৪ | ২৮২.০০ | ২৮১.৩২ |
| **২০১৩-১৪** | ৮০০২.০৫৩ | ৮০০২.০৫৩ | ৩০১৮.৭৫ | ১৮০০.০৮১ |
| **২০১৪-১৫** | ৫১৮৯.৯৫৫ | ৫১৮৯.৯৫৫ | ১১৩৯২.০০ | ১১১০০.৩৭৭ |
| **মোট =** | ১৩৪৭৩.৫৩ | ১৩৪৭৩.৫৩ | ১৪৬৯২.৭৫ | ১৩১৮১.৭৮ |

*অবমুক্তকৃত অর্থ যথাযথভাবে ফেরত প্রদান করা হয়েছে।

**১১। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদিঃ**

| ক্র: নং | প্রকল্প পরিচালকের নাম ও পদবী | পূর্ণকালীন | খন্ডকালীন | দায়িত্ব পালনের মেয়াদ | |
|---|---|---|---|---|---|
| | | | | যোগদানের তারিখ | অব্যহতির তারিখ |
| ১. | প্রদীপ কুমার সিংহ, পরিচালক | পূর্ণকালীন | - - | ২৯-০৭-২০১২ | ৩০-০৬-২০১৫ |

**১২। প্রকল্প পরিদর্শনঃ**

প্রকল্পটি ০৯/১২/২০১৫ তারিখ এ বিভাগের সহকারী পরিচালক জনাব দেবোত্তম সান্যাল সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত থেকে পরিদর্শনে সহযোগিতা করেন। পরিদর্শনকারী কর্মকর্তাকে মিলটি চালু করে এর কার্যক্রম দেখানো হয়।

**১৩। অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতিঃ**

১৩.১ **কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ভাতাদিঃ**

প্রকল্পভূক্ত ৩ জন কর্মকর্তা ও ৫ জন কর্মচারীর বেতন ভাতাদি বাবদ ২২.৪৯ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে।

১৩.২ **বৈদেশিক ভ্রমনঃ**

প্রকল্প পরিচালক, ২ জন সহঃ ইঞ্জিনিয়ার, খাদ্য মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন ও আইএমইডির একজন করে কর্মকর্তা এবং ১ জন সহকারী সাইলো মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার মোট ৭ জনের ১টি দল সুইজারল্যান্ডের ফ্লাওয়ার মিল ও সাইলো পরিদর্শন করে। এ খাতে ব্যয় হয় ৪০.০০ লক্ষ টাকা।

১৩.৩ **স্থানীয় প্রশিক্ষণঃ**

ইলেকট্রো মেকানিক্যাল অপারেশন এর উপর ২০ জনের ১০ দিনের স্থানীয় প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এ খাতে ব্যয় হয় ১০.০০ লক্ষ টাকা।

১৩.৪ **পরামর্শক সেবাঃ**

প্রকল্পের ড্রইং-ডিজাইন প্রণয়ন, দরপত্র দালিল প্রণয়ন, সুপারভিশন কার্যক্রম সম্পাদনের জন্য পরামর্শক সংস্থান হিসাবে Development Design Consultant Ltd, 47 Mohakhali C/A, Dhaka-1212 ও Structural Engineers Company LLC, 2963 West Elliot Road, Suit-3, Chandler

Arizona 8522, USA (JV) নিয়োজিত ছিল। এ পরামর্শক খাতে ব্যয় নির্ধারিত ছিল ২০৫৮.২৪ লক্ষ টাকা এবং ব্যয় হয় ৯৮৩.২৪ লক্ষ টাকা।

**১৩.৫ সরবরাহ ও সেবাঃ**

বিজ্ঞাপন বিল, টেলিফোন বিল, ফ্যাক্স বিল, পোষ্টাল, গ্যাস, ৪টি গাড়ী রেজিষ্ট্রেশন, জ্বালানী ও লুব্রিকেন্ট, স্টেশনারী বাবদ বরাদ্দ ছিল ৪৪.৮৬ লক্ষ টাকা । এর মধ্যে ব্যয় হয়েছে ৩২.০২ লক্ষ টাকা।

**১৩.৬ মেরামত রক্ষণাবেক্ষণ ও পুনর্বাসনঃ**

এ খাতে বরাদ্দ ছিল ৬.০০ লক্ষ টাকা এবং এর মধ্যে ব্যয় হয় ৫.৫৩ লক্ষ টাকা।

**১৩.৭ যানবাহন ক্রয়ঃ**

প্রকল্পের আওতায় ১টি জীপ, ১টি মাইক্রোবাস ও ২টি কাভার্ড ভ্যান ক্রয় বাবদ বরাদ্দ ছিল ১৫৫.০০ লক্ষ টাকা। এর মধ্যে ব্যয় হয় ১২৭.৩৭ লক্ষ টাকা। জীপটি খাদ্য অধিদপ্তরে প্রকল্প শেষে হস্তান্তর করা হয়েছে। মিলের কর্মকর্তাদের যাতায়াতের জন্য ক্রয়কৃত মাইক্রোবাসটি এবং কাভার্ড ভ্যান ২টি খাদ্য অধিদপ্তরের একটি শেডে রাখা আছে যা মিল চালু হলে ব্যবহার করা হবে।

**১৩.৮ প্যাসেঞ্জার লিফটঃ**

প্রকল্পের আওতায় নির্ধারিত ৬০.০০ লক্ষ টাকা ব্যয়ে ১২০০ পাউন্ড ধারণ ক্ষমতার ২টি লিফট মিল ভবনে স্থাপন করা হয়েছে।

**১৩.৯ ইন্টারকমঃ**

নির্ধারিত ১০.০০ লক্ষ টাকার পুরোটাই ব্যয়ের মাধ্যমে মিল ও ক্যাম্পাসে ইন্টারকম সংযোগ দেয়া হয়েছে। পরিদর্শনকালে দেখা যায় ইন্টারকম সচল আছে।

**১৩.১০ কম্পিউটার, ফটোকপিয়ার, ফ্যাক্স, টেলিফোন ও আসবাবপত্রঃ**

প্রকল্পের আওতায় ১.৯৯ লক্ষ টাকা ব্যয়ে ২টি কম্পিউটার, ২.৯৯ লক্ষ টাকা ব্যয়ে ২টি ফটোকপিয়ার, ৪.৯৯ লক্ষ টাকা ব্যয়ে ৯ সেট ফার্নিচার, ০.৫৫ লক্ষ টাকা ব্যয়ে ২টি টেলিফোন সেট, ০.৩৮ লক্ষ টাকা ব্যয়ে ২টি ফ্যাক্স মেশিন ক্রয় করা হয়েছে।

**১৩.১১ ভূমি লেভেলিং ও ড্রেসিং:**

এখাতে নির্ধারিত ১০.০০ লক্ষ টাকার পুরোটাই ব্যয়ের মাধ্যমে ভূমি লেভেলিং ও ড্রেসিং করা হয়েছে।

**১৩.১২ অফিস ভবনঃ**

প্রকল্পের আওতায় ৬ তলা ফাউন্ডেশন বিশিষ্ট ১৫০ বর্গমিটার আয়তনের একটি দ্বিতল অফিস ভবন নির্মাণ করা হয়েছে। এ কাজে ব্যয় হয় ১১৫.৯১ লক্ষ টাকা।

**১৩.১৩ সাইলো বিন ও সংশ্লিষ্ট সুবিধাদি নির্মাণঃ**

এ প্রকল্পের আওতায় প্রতিটি ২৫০০ মেঃ টন ধারণ ক্ষমতার মোট ৪টি অর্থাৎ ১০,০০০ মেঃ টন ধারণ ক্ষমতার সাইলো নির্মাণ এবং গ্রেইন রিসিভিং পিট ও কনভেয়িং সিস্টেম এর ব্যবস্থা করা হয়েছে। এ কাজে নির্ধারিত ২৫৫২.৪৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

**১৩.১৪ বৈদ্যুতিক কাজ (সোলার প্যানেল সেটিংসহ) :**

অনুমোদিত ৩১৫.০০ লক্ষ টাকা ব্যয়ের মাধ্যমে বৈদ্যুাতিক কাজ ও সোলার প্যানেল সেটিং করা হয়েছে।

**১৩.১৫ ময়দা মিল (ভৌত নির্মাণ অংশ) :**

ভূমিকম্প সহনীয় বিচারে স্টীল কাঠামোর ২০০০ বর্গমিটার আয়তনের মিল ভবন নির্মাণ করা হয়েছে। বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরির মাধ্যমে এ কাজ করা হয়। মিল ভবন নির্মাণে নির্ধারিত ৪৮২.১৪ লক্ষ টাকা ব্যয়িত হয়েছে।

**১৩.১৬ ক্লিনিং, কন্ডিশনিং, মিলিং, স্টোরেজ, প্যাকেজিং ও কম্প্রেসিং ইউনিটঃ**

দৈনিকং ২০০ মেঃ টন ক্রাসিং ক্ষমতাসম্পন্ন একটি ময়দা মিল (ক্লিনিং, কন্ডিশনিং, মিলিং, স্টোরেজ, প্যাকেজিং ও কম্প্রেসিং ইউনিট) স্থাপন করা হয়েছে। জার্মানী হতে বুহলার (BUHLER) কোম্পানীর মেশিনপত্র এনে কমিশনিং করা হয়েছে। এ কাজে ব্যয় হয় ৬৫৫০.১৪ লক্ষ টাকা।

**১৩.১৭ ল্যাবরেটরী যন্ত্রপাতিঃ**

ক্রাসিংকৃত আটা ও ময়দার মাননিয়ন্ত্রণের জন্য অফিস ভবনের নিচতলায় ল্যাবরেটরী স্থাপন করা হয়েছে। ল্যাবরেটরীর জন্য মাফেল ফার্নেস, ওভেন, ডেসিকেটর, ইলেকট্রিক নিক্তি, হটপ্লেট, চালুনি, মাইক্রোস্কোপ, ওয়াটারবাথ ও গ্লাসওয়্যার ক্রয় করা হয়েছে। মিলটি চালু না হওয়ায় ল্যাবরেটরীর যন্ত্রপাতি অধিকাংশই প্যাকেটজাত করে রাখা হয়েছে। ল্যাবরেটরী যন্ত্রপাতি ক্রয় খাতে ব্যয় হয় ৬০.০০ লক্ষ টাকা।

**১৩.১৮ গভীর নলকূপ স্থাপনঃ**

নিজস্ব পানির ব্যবস্থার জন্য ৪৫.০০ লক্ষ টাকা ব্যয়ে একটি গভীর নলকূপ স্থাপন করা হয়েছে।

**১৩.১৯ ট্রাক স্কেল স্থাপনঃ**

মিলে গম নিয়ে আগত ও মিল থেকে সরবরাহকৃত আটা, ময়দা পরিমাপের জন্য একটি ট্রাক স্কেল স্থাপন করা হয়েছে। এ কাজে ব্যয় হয়েছে ২৫.০০ লক্ষ টাকা।

**১৩.২০ গোডাউন ও ব্রান স্টোরেজ নির্মাণঃ**

প্রকল্পের অর্থায়নে ১টি বস্তা ও ফিনিসড প্রোডাক্ট রাখার গোডাউন (৮০০ বর্গমিটার) এবং ব্রান (ভূষি) গোডাউন (৮০০ বর্গমিটার) নির্মাণ করা হয়েছে। এ কাজে ৩৫১.৪৯ লক্ষ টাকা ব্যয় হয়।

**১৩.২১ যন্ত্রপাতি ও ওয়ার্কশপ টুলসঃ**

প্রকল্পের অর্থায়নে ৪২০.০০ লক্ষ টাকা ব্যয়ে ওয়ার্কশপের জন্য বিভিন্ন বৈদ্যুতিক যন্ত্রপাতি ও ওয়ার্কশপ টুলস ক্রয় করা হয়েছে।

**১৩.২২ অন্যান্য পূর্তকাজঃ**

প্রকল্পের আওতায় এ মিল ক্যাম্পাসে ভূগর্ভস্থ এবং ওভারহেড পানির ট্যাংক (৮টি), ১টি পাম্প হাউজ (৫০ বর্গমিটার), অভ্যন্তরীণ রাস্তা ও এ্যাপ্রোচ রোড (৮০০০ বর্গমিটার), ওয়ার্কশপ (৪৫০ বর্গমিটার), বৈদ্যুতিক সাব-স্টেশন (৪০ বর্গমিটার), টয়েলেটসহ গার্ডরুম (৪৫ বর্গমিটার), চারতলা স্টাফ ডরমেটরি (৬০০ বর্গমিটার) এবং স্যানেটারী কাজ করা হয়েছে । এ সকল কাজে ব্যয় হয় ৯৫২.৩২ লক্ষ টাকা।

সকল পূর্তকাজ বাংলাদেশ সেনাবাহিনী নিয়ন্ত্রিত প্রতিষ্ঠান বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরী (বিএমটিএফ) এর মাধ্যমে সরাসরি ক্রয় পদ্ধতিতে করা হয়েছে। পূর্তকাজের মান বাহ্যিক দৃষ্টিতে সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়েছে।



**চিত্রঃ মিল ভবন**




**চিত্রঃ মিল ভবন**



**চিত্রঃ সাইলো ১০,০০০ মেঃ টন**



**মিলে কমিশনিংকৃত যন্ত্রপাতির একাংশ**

**১৪।　প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ**

<table>
<tr><th colspan="2">পরিকল্পিত</th><th>অর্জিত</th></tr>
<tr><td>(ক)</td><td>খাদ্য নিরাপত্তা কর্মসূচীর চাহিদা পূরণ;</td><td rowspan="4">মিল বিল্ডিংসহ অন্যান্য অবকাঠামো নির্মাণ করা হয়েছে। মেশিনারীজ কমিশনিং করে মিলটি ক্রাসিং এর জন্য সম্পূর্ন প্রস্তুত আছে। মিল পরিচালনা সংক্রন্ত নীতিমালা ও সরকারী সিদ্ধান্তের অভাবে মিলটি বর্তমানে চালু নেই। মিলটি চালু হলে উদ্দেশ্য অর্জিত হবে মর্মে আশা করা যায়।</td></tr>
<tr><td>(খ)</td><td>আটা এবং ময়দার বাজার মূল্য স্থিতিশীল রাখা;</td></tr>
<tr><td>(গ)</td><td>জরুরী এবং দূর্যোগকবলিত পরিস্থিতি মোকাবেলার জন্য আটা এবং ময়দার সংরক্ষণ ও সরবরাহ নিশ্চিতকরণ;</td></tr>
<tr><td>(ঘ)</td><td>প্রতিযোগিতামূলক বাজারে আটা এবং ময়দার গুনগত মান বজায় রাখা।</td></tr>
</table>

**১৫।　উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকলে তার কারনঃ** মিলটি চালু না থাকায় এখনও উদ্দেশ্য অর্জিত হয়নি।

**১৬।　বাস্তবায়ন সমস্যাঃ**

১৬.১　পোস্তগোলা সরকারী আধুনিক ময়দার মিলটি সরকারী খাতে দেশের একমাত্র ময়দার মিল। মিল পরিচালনা সংক্রান্ত নীতিমালা ও সরকারী সিদ্ধান্তের অভাবে কোটি টাকা ব্যয়ে স্থাপিত এ মিলটি চালু করা যাচ্ছে না;

১৬.২ সম্পূর্ণ কম্পিউটারাইজড পদ্ধতিতে নিয়ন্ত্রিত মিলটি পরিচালনার জন্য জনবল সংক্রান্ত কোন অর্গানোগ্রাম নেই; মিলটি চালু করতে গেলে অন্যান্য সাইলো থেকে লোক এনে তা চালু করতে হয়;

১৬.৩　Silo Bin এ গম পাঠানোর জন্য যে Grain Receiving Pit রয়েছে তার উপরে কোন শেড না থাকায় বর্ষাকালে বা বৃষ্টির সময় Receiving Pit এ কোন গম দেয়া যাবে না;

১৬.৪ মিলটি চালু না হওয়ায় মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরীর যন্ত্রপাতি প্যাকেজজাত করে রাখা হয়েছে দীর্ঘদিন এ অবস্থায় থাকলে যন্ত্রপাতিগুলো নষ্ট হয়ে যেতে পারে;　এবং

১৬.৫ প্রকল্পের　External Audit সম্পন্ন হয়েছে। উত্থাপিত অডিট আপত্তিসমূহের বিষয়ে ব্রডশীটে জবাব প্রদান করা হয়েছে এবং তা নিষ্পত্তির অপেক্ষায় আছে।

**১৭.০　সুপারিশমালাঃ**

১৭.১　সারাবছর যেন মিলটি চালু রাখা যায় সে লক্ষ্যে মিল পরিচালনা সংক্রান্ত নীতিমালা প্রণয়নের মাধ্যমে মিলটি অবিলম্বে চালু করা প্রয়োজন;

১৭.২　মিলটি যথাযথভাবে পরিচালনার নিমিত্ত জনবলের একটি অর্গানোগ্রাম করার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে;

১৭.৩　ভবিষ্যতে বৃষ্টিজনিত সমস্যা মোকাবিলার জন্য　Grain Receiving Pit এর উপর শেড নির্মাণের বিষয়টি বিবেচনা করা যেতে পারে;

১৭.৪ মিলটি চালু করার সাথে সাথে　মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরীটিও চালু করার ব্যবস্থা করতে হবে;

১৭.৫　External Audit নিষ্পত্তি করে তা আইএমইডিকে অবহিত করতে হবে; এবং

১৭.৬ অনুচ্ছেদ ১৭　.১-১৭.৫ এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে তা আগামী ৩ (তিন) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

**পরিশিষ্ট-"ক"**

## অংগভিত্তিক অগ্রগতির ছক

| ক্রঃ নং | অঙ্গের নাম | অনুমোদিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|
| | | ভৌত | আর্থিক | ভৌত | আর্থিক |
| | ১ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | **(ক) রাজস্ব ব্যয়ঃ** | | | | |
| ১. | কর্মকর্তা/কর্মচারীদের বেতন ও ভাতাদি | ৩৬+৩৬ জনমাস | ৪৪.০০ | ৩৬+৩৬ জনমাস | ২২.৪৯ |
| ২. | পরামর্শক সেবা | - | ১০৫৮.২৪ | - | ৯৮৩.২৪ |
| ৩. | প্রশিক্ষণ (বৈদেশিক ও স্থানীয়) | ৭জন বৈদেশিক + ২০ জন স্থানীয় | ৫০.০০ | ৭জন বৈদেশিক + ২০ জন স্থানীয় | ৫০.০০ |
| ৪. | সরবরাহ ও সেবা (বিজ্ঞপ্তি, টেলিফোন, ফ্যাক্স, পোস্টাল, গ্যাস, গাড়ী রেজিষ্টেশন, জ্বালানী, ষ্টেশনারী ইত্যাদি) | থোক | ৪৪.৮৬ | থোক | ৩২.০২ |
| ৫. | মেরামত, রক্ষণাবেক্ষণ ও পুনর্বাসন | থোক | ৬.০০ | থোক | ৫.৫৩ |
| | **উপ মোট রাজস্ব ব্যয় =** | | **১২০৩.১০** | | **১০৯৩.২৮** |
| | **(খ) মূলধন ব্যয়ঃ** | | | | |
| ৬. | যানবাহন (জীপ ১টি+ মাইক্রোবাস ১টি+ কভার্ড ভ্যান ২টি) | (জীপ ১টি+ মাইক্রোবাস ১টি+ কভার্ড ভ্যান ২টি) | ১৫৫.০০ | (জীপ ১টি+ মাইক্রোবাস ১টি+ কভার্ড ভ্যান ২টি) | ১২৭.৩৭ |
| ৭. | যান্ত্রিক ও বৈদ্যুতিক যন্ত্রপাতি এবং ওয়ার্কশপ টুলস | ১ সেট | ৪২০.০০ | ১ সেট | ৪২০.০০ |
| ৮. | প্যাসেঞ্জার লিফট | ২টি | ৬০.০০ | ২টি | ৬০.০০ |
| ৯. | ইন্টারকম | থোক | ১০.০০ | থোক | ১০.০০ |
| ১০. | কম্পিউটার, ফটোকপিয়ার, ফ্যাক্স, টেলিফোন, আসবাবপত্র ইত্যাদি | কম্পিউটার ২টি, ফটোকপিয়ার ২টি, ফ্যাক্স ২টি, টেলিফোন ২টি, আসবাবপত্র ৯সেট | ১২.০০ | কম্পিউটার ২টি, ফটোকপিয়ার ২টি, ফ্যাক্স ২টি, টেলিফোন ২টি, আসবাবপত্র ৯সেট | ১০.৯১ |
| ১১. | ভূমি লেভেলিং | - | ১০.০০ | - | ১০.০০ |
| ১২. | অফিস ভবন নির্মাণ | ১৫০ বর্গ মিটার | ১১৫.৯১ | ১৫০ বর্গ মিটার | ১১৫.৯১ |
| ১৩. | সাইলো বিন ও সংশ্লিষ্ট সুবিধাদি নির্মাণ | ১০,০০০ মেঃ টন ধারণ ক্ষমতা | ২৫৫২.৪৮ | ১০,০০০ মেঃ টন ধারণ ক্ষমতা | ২৫৫২.৪৮ |
| ১৪. | বৈদ্যুতিক কাজ (সোলার প্যানেল সেটিংসহ) | - | ৩১৫.০০ | থোক | ৩১৫.০০ |
| ১৫. | ময়দা মিল (ভৌত নির্মাণ অংশ) | দৈনিক ২০০ মেঃটন উৎপাদন ক্ষমতা | ৪৮২.১৮ | দৈনিক ২০০ মেঃটন উৎপাদন ক্ষমতা | ৪৮২.১৪ |
| ১৬. | ময়দা মিল (ক্লিনিং, কন্ডিশনিং, মিলিং, স্টোরেজ, প্যাকেজিং, কমপ্রেসিং ইউনিট/পদ্ধতি) | ১ সেট | ৬৫৫০.৮৮ | ১ সেট | ৬৫৫০.১৪ |
| ১৭. | ল্যাবরেটরী যন্ত্রপাতি | থোক | ৬০.০০ | থোক | ৬০.০০ |
| ১৮. | ডিপ টিউবওয়েল স্থাপন | ১টি | ৪৫.০০ | ১টি | ৪৫.০০ |
| ১৯. | সাইলো ও ময়দা ট্রাক স্কেল | ১টি | ২৫.০০ | ১টি | ২৫.০০ |
| ২০. | গোডাউন/স্টোরেজ/ব্রান স্টোরেজ নির্মাণ | ১টি করে | ৩৫১.৪৯ | ১টি করে | ৩৫১.৪৯ |
| ২১. | অন্যান্য নির্মাণ (পানিধারক, পাম্প ইঞ্জিন, ট্রাক পাকিং, অভ্যন্তরীণ রাস্তা, এপ্রোচ রোড, ওয়ার্কশপ, সাব-স্টেশন, গার্ড রুম, টয়লেট, স্টাফ ডরমেটরী, স্যানিটারী ওয়ার্কস, সীমান প্রাচীর) | - | ৯৫৫.৫৪ | - | ৯৫২.৩২ |
| | **উপ মোট রাজস্ব =** | | **১২০২০.৪৪** | | **১২০৮৮.৫০** |
| ২২. | **(গ) প্রাইস কন্টিনজেন্সীঃ** | **-** | **১৫০.০০** | **-** | **-** |
| ২৩ | **(ঘ) ফিজিক্যাল কন্টিনজেন্সীঃ** | **-** | **০.০০** | **-** | **-** |
| | **সর্বমোট** | | **১৩৪৭৩.৫৪** | | ১৩১৮১.৭৮ |

## ন্যাশনাল ফুড পলিসি ক্যাপাসিটি স্ট্রেন্দনিং প্রোগ্রাম-২ (এনএফপিসিএসপি-২) প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

**(সমাপ্ত: মার্চ, ২০১৫)**

১। প্রকল্পের নাম : ন্যাশনাল ফুড পলিসি ক্যাপাসিটি স্ট্রেন্দনিং প্রোগ্রাম-২ (এনএফপিসিএসপি-২)

২। বাস্তবায়নকারী সংস্থা : খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট (এফপিএমইউ) এবং জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও)

৩। প্রশাসনিক মন্ত্রণালয় : খাদ্য মন্ত্রণালয়

৪। **প্রকল্প এলাকা** : ঢাকা

৫। **প্রকল্পের বাস্তবায়নকাল ও ব্যয়:**

(লক্ষ টাকায়)

| অনুমোদিত ব্যয় | | প্রকৃত ব্যয় | অনুমোদিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল মোট টাকা প্রঃ সাঃ | সর্বশেষ সংশোধিত মোট টাকা প্রঃ সাঃ | মোট টাকা প্রঃ সাঃ | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৭৩৪৪.১৮<br>৯০.০০<br>৭২৫৪.১৮ | ৯৪০৭.৮৩<br>৯৭.৩০<br>৯৩১০.৫৩ | ৯৪০৭.৮৩<br>৯৭.৩০<br>৯৩১০.৫৩ | ০১ জানুয়ারি ২০০৯ হতে ৩১ ডিসেম্বর ২০১২ পর্যন্ত | ০১ জানুয়ারি ২০০৯ হতে ৩১ মার্চ ২০১৫ পর্যন্ত | ০১ জানুয়ারি ২০০৯ হতে ৩১ মার্চ ২০১৫ পর্যন্ত | ২৮.৩৫% বেশি | ৫৬% বেশি |

৬। **প্রকল্পের অর্থায়ন:** প্রকল্পটি বাংলাদেশ সরকার, ইউরোপিয় ইউনিয়ন ও ইউএসএইড এর অর্থায়নে বাস্তবায়িত হয়েছে। এর মোট অনুমোদিত ব্যয় ৯৪০৭.৮৩ লক্ষ টাকা। তন্মধ্যে জিওবি ৯৭.৩০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ৯৩১০.৫৩ লক্ষ টাকা। প্রকল্প সাহায্যের ৩৯৬৪.২০ লক্ষ টাকা ইউরোপিয় ইউনিয়ন ও ৫৯৪৬.৩০ লক্ষ টাকা ইউএসএইড অনুদান হিসাবে প্রদান করেছে।

৭। **কাজের অঙ্গভিত্তিক বাস্তবায়ন(পিসিআর অনুযায়ী এবং আরটিপিপি মোতাবেক):**

প্রকল্পের প্রধান প্রধান অঙ্গভিত্তিক ব্যয় নিম্নরূপ:-

| ক্রমিক | অঙ্গের নাম | ব্যয় (লক্ষ টাকায়) | % (মোট প্রকল্প ব্যয়ের) |
|---|---|---|---|
| ১। | প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারীদের বেতন | ৫৩৬৯.০৮ | ৫৭.০৭% |
| ২। | পরামর্শকের সম্মানী | ৫২৪.৭০ | ৫.৫৮% |
| ৩। | চুক্তি ও গবেষণা | ৬৩৮.৮৭ | ৬.৭৯% |
| ৪। | প্রশিক্ষণ এবং ওয়ার্কশপ | ৭৭৬.৬৭ | ৮.২৬% |
| ৫। | ভ্রমণ | ৪২৮.৫৪ | ৪.৫৬% |

প্রকল্পের কাজের অঙ্গভিত্তিক বাস্তবায়ন পরিশিষ্ট-‘ক’ দ্রষ্টব্য।

৮। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:**

প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (PCR), সরেজমিন পরিদর্শন ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা করে জানা যায় , সংশোধিত টিপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কাজ সমাপ্ত হয়েছে ।

৯। **প্রকল্পের পটভূমি, উদ্দেশ্য ও মূল কার্যক্রম:**

**৯.১। প্রকল্প গ্রহণের পটভূমি:**

১৯৯৬ সালে অনুষ্ঠিত বিশ্ব খাদ্য শীর্ষ সম্মেলনে বাংলাদেশ সরকার যে ঘোষণাপত্রে স্বাক্ষর করেছে তাতে ২০১৫ সালের মধ্যে নিম্নপুষ্টি সম্পন্ন জনসংখ্যা অর্ধেকে হ্রাস করার অঙ্গীকার বিধৃত আছে। উক্ত অঙ্গীকার বাস্তবায়নে বাংলাদেশ সরকারের জাতীয় খাদ্য নীতি -২০০৬ এ তিনটি লক্ষ্য নির্ধারণ করা হয়েছে , যথা (১) পর্যাপ্ত ও পরিমিত নিরাপদ ও পুষ্টিকর খাদ্য সরবরাহ; (২) জনগণের ক্রয় ক্ষমতা ও খাদ্য পাবার অধিকার নিশ্চিতকরণ এবং (৩) প্রত্যেকের (বিশেষ করে মহিলা ও শিশুদের ) জন্য পর্যাপ্ত পরিমাণ পুষ্টির ব্যবস্থা করা। এজন্য খাদ্য মন্ত্রণালয়সহ অন্যান্য সহযোগী মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের গবেষণালব্ধ বিভিন্ন তথ্য ও উপাত্ত বিশ্লেষণসহ কর্মদক্ষতা বৃদ্ধি করা প্রয়োজন।

এ প্রেক্ষিতে 'ন্যাশনাল ফুড পলিসি ক্যাপাসিটি স্ট্রেনদেনিং প্রোগ্রাম ' প্রকল্প ০/০৬/২০০৫ তারিখে অনুমোদিত হয় এবং জুলাই, ২০০৫ হতে ডিসেম্বর, ২০০৮ মেয়াদে বাস্তবায়িত হয়। উক্ত প্রকল্পের ধারাবাহিকতায় 'ন্যাশনাল ফুড পলিসি ক্যাপাসিটি স্ট্রেনদেনিং প্রোগ্রাম (ফেজ-২)' প্রকল্পটি ৭৩.৪৪১৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে (জিওবি ০.৯০ কোটি টাকা + প্রকল্প সাহায্য ৭২.৫৪১৮ কোটি টাকা ) জানুয়ারি, ২০০৯ থেকে ডিসেম্বর , ২০১২ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়।

**৯.২। প্রকল্পের উদ্দেশ্য:**

(ক) জাতীয় খাদ্য নীতি ও এর কর্ম পরিকল্পনা, Country Investment Plan (CIP) এবং সংশ্লিষ্ট নীতি/পরিকল্পনা বাস্তবায়নে বাংলাদেশের সক্ষমতা বৃদ্ধি;

(খ) খাদ্য মন্ত্রণালয়ের আওতাধীন খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিটের কারিগরি, প্রাতিষ্ঠানিক ও ব্যবস্থাপনা সংক্রান্ত দক্ষতা বৃদ্ধি করা যাতে স্বল্প সময়ের মধ্যে খাদ্য মন্ত্রণালয় ও সহযোগী মন্ত্রণালয়সমূহকে খাদ্য নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে সঠিক পরামর্শ প্রদান করা যায়; এবং

(গ) খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট (এফপিএমইউ) কর্তৃক মধ্যম ও দীর্ঘ মেয়াদী নীতি বিশ্লেষণপূর্বক সরকারকে খাদ্য পরিস্থিতি ও নীতি সংশ্লিষ্ট বিষয়ে সুপারিশ প্রদানের দক্ষতা বৃদ্ধি।

**৯.৩। প্রকল্পের মূল কার্যক্রম:**

(ক) জাতীয় খাদ্য নীতি বাস্তবায়নে বাংলাদেশ সরকারের সক্ষমতা বৃদ্ধিকরণ;

(খ) খাদ্য নীতির বিষয়ে আন্তঃমন্ত্রণালয় সমন্বয় জোরদারকরণ ও তথ্য আদান-প্রদান;

(গ) জাতীয় খাদ্য নীতির কর্মপরিকল্পনা (NFP/PoA) এবং দেশীয় বিনিয়োগ পরিকল্পনা (Country Investment Plan) এর মনিটরিং প্রতিবেদন প্রকাশনা;

(ঘ) গবেষণা; এবং

(ঙ) ফুড সিকিউরিটি ও নিউট্রিশন ইনফরমেশন সিস্টেমের জন্য একটি ডাটা ম্যানেজমেন্ট সিস্টেমের বর্ধিত সংস্করণ তৈরি করা।

১০। **প্রকল্পের অনুমোদন ও সংশোধন:**

ক) প্রকল্পটি ৩১/১২/২০০৮ তারিখে মাননীয় পরিকল্পনা উপদেষ্টা কর্তৃক ৭৩.৪৪১৮ কোটি টাকা ব্যয়ে (জিওবি ০.৯০ কোটি টাকা + প্রকল্প সাহায্য ৭২.৫৪১৮ কোটি টাকা) জানুয়ারি, ২০০৯ থেকে ডিসেম্বর, ২০১২ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়;

খ) পরবর্তীতে প্রকল্পের অসমাপ্ত কাজ সমাপ্তির প্রয়োজনে প্রকল্পটির টিপিপি ১৭/০২/২০১৩ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ১ম সংশোধন করা হয়। ১ম সংশোধিত টিপিপি মোতাবেক ব্যয় দাঁড়ায় ১০১.৬৩১২ কোটি টাকা (জিওবি ০.৯০ কোটি টাকা + প্রকল্প সাহায্য ১০০.৭৩১২ কোটি টাকা) এবং বাস্তবায়ন মেয়াদ জানুয়ারি, ২০০৯ হতে ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত;

গ) প্রকল্পের মেয়াদ নয় মাস বৃদ্ধিসহ জিওবি ব্যয় অপরিবর্তিত রেখে ব্যয় ১.৬০% হ্রাস করে ১০০.০০৫৩ কোটি টাকা (জিওবি ০.৯০ কোটি টাকা + প্রকল্প সাহায্য ৯৯.১০৫৩ কোটি টাকা) ব্যয়ে জানুয়ারি, ২০০৯ হতে সেপ্টেম্বর, ২০১৪ মেয়াদে ২য় সংশোধিত টিপিপি ০৭/০১/২০১৪ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়; এবং

ঘ) খাদ্য মন্ত্রণালয় ১টি গাড়ির শুল্ক পরিশোধের লক্ষ্যে সিডি ভ্যাট খাতে অতিরিক্ত ৭.৩০ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি এবং প্রকল্পের মেয়াদ আরও ৪ (চার) মাস বৃদ্ধির জন্য প্রকল্পটি ৩য় বার সংশোধন করা হয়।

১১। **সংশোধিত ডিপিপিতে সংস্থান ও এডিপি বরাদ্দ (পিসিআর অনুযায়ী)**

(লক্ষ টাকায়)

| অর্থ বছর | সংশোধিত ডিপিপি বরাদ্দ | সংশোধিত এডিপি বরাদ্দ | | | ব্যয় | | মোট ব্যয় |
|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | টাকা | প্রঃসাঃ | টাকা | প্রঃসাঃ | |
| ২০০৮-২০০৯ | ৭৯৭.০০ | ১০১৫.০০ | - | ১০১৫.০০ | ১২.৩৪ | ৭৮৪.৬৬ | ৭৯৭.০০ |
| ২০০৯-২০১০ | ৫৮১.৪৭ | ৭৭০.০০ | - | ৭৭০.০০ | - | ৫৮১.৪৭ | ৫৮১.৪৭ |
| ২০১০-২০১১ | ১২৩৫.৪৪ | ১৩৯২.০০ | - | ১৩৯২.০০ | - | ১২৩৫.৩১ | ১২৩৫.৩১ |
| ২০১১-২০১২ | ২৪৪১.০৭ | ২৪৪১.০০ | - | ২৪৪১.০০ | - | ২১৯৭.৯৩ | ২১৯৭.৯৩ |
| ২০১২-২০১৩ | ২৯৩২.৫৫ | ২১৭৪.৪৩ | - | ২১৭৪.৪৩ | - | ১৯৮৫.৬০ | ১৯৮৫.৬০ |
| ২০১৩-২০১৪ | ২১৭৫.৫৮ | ২০০০.০০ | - | ২০০০.০০ | - | ১৯৪৮.৭০ | ১৯৪৮.৭০ |
| ২০১৪-২০১৫ | - | ৬৬১.০০ | ৮৪.৯৬ | ৫৭৬.০৪ | ৮৪.৯৬ | ৫৭৬.৮৬ | ৬৬১.৮২ |
| | | | | মোট | ৯৭.৩০ | ৯৩১০.৫৩ | ৯৪০৭.৮৩ |

১২। **মূল্যায়ন পদ্ধতি ( Methodology):** প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হয়েছে:

- অনুমোদিত প্রকল্প ছক পর্যালোচনা;
- মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- পিসিআর পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন এবং
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৩। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

| প্রকল্প পরিচালকের নাম ও পদবী | পূর্ণকালীন/খন্ডকালীন | মেয়াদকাল |
|---|---|---|
| মাইক রবসন<br>কান্ট্রি রিপ্রেজেন্টিটিভ, এফএও, বাংলাদেশ | খন্ডকালীন | প্রকল্পের শুরু হতে সমাপ্তিকাল পর্যন্ত। |

** খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট এর মহাপরিচালক প্রকল্পটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন করেছেন।

১৪। **পর্যবেক্ষণ সমূহ:**

১৪.১। **প্রকল্পের কার্যক্রম পরিদর্শন:**

প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শনের জন্য ২১/০৯/২০১৬ তারিখে প্রকল্প কার্যালয় খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত থেকে কারিগরী সহায়তা প্রকল্পটির বিভিন্ন দিক উপস্থাপন করেন।

১৪.২। **এফপিএমইউ এর কারিগরী সক্ষমতা বৃদ্ধি:**

প্রকল্পের আওতায় এফপিএমইউ এর কারিগরী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে একটি এফপিএমইউ-তে একটি সেন্ট্রাল সার্ভার বা Food Security and Nutrition Information System (FSNIS) স্থাপন করা হয়েছে। এটি খাদ্য নিরাপত্তার সাথে সংশ্লিষ্ট তথ্য সমৃদ্ধ দেশের সর্ববৃহৎ তথ্য ভান্ডার। এ প্রকল্পের আওতায় একটি ডকুমেন্টেশন সেন্টার স্থাপন করা হয়েছে। এখানে প্রায় ১০০০টি বিভিন্ন ধরণের প্রকাশনা সংরক্ষিত রয়েছে।

যার মধ্যে প্রকল্পের আওতায় প্রকাশিত বিভিন্ন ধরণের প্রকাশনাও রয়েছে। এফপিএমইউ এর ওয়েবসাইটি প্রকল্পের আওতায় উন্নত করা হয়েছে। এখান থেকে দেশের খাদ্য পরিস্থিতির দৈনিক, সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক প্রতিবেদন এবং তথ্য তাৎক্ষণিকভাবে পাওয়া যায়।

১৪.৩। **গবেষণা:**

প্রকল্পের আওতায় ১৬টি গবেষণা কর্ম সম্পাদন হয়েছে। গবেষণা কর্ম সমূহ আন্তর্জাতিক জার্নালে প্রকাশিত হয়েছে। পরিদর্শনকালে এসব গবেষণা কর্মের সারসংক্ষেপ এর কপি সংগ্রহ করা হয়েছে।

১৪.৪। **ওয়ার্কশপ / সেমিনার:**

১৬টি গবেষণায় প্রাপ্ত Findings এর উপর ১৭টি সেমিনার ও ৩টি ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। এসকল কর্মশালা ও সেমিনার থেকে প্রাপ্ত মতামতের উপর ভিত্তি করে ১২টি Policy Brief ও ৩টি Nutrition Fact Sheet তৈরী করা হয়েছে। পরিদর্শনকালে এসব প্রকাশনার কপি সংগ্রহ করা হয়।

১৪.৫। **দেশীয় বিনিয়োগ পরিকল্পনা (Country Investment Plan) এর মনিটরিং প্রতিবেদন প্রকাশনা:**

জাতীয় খাদ্য নীতি এর কর্ম পরিকল্পনা এবং Country Investment Plan (CIP) এর মনিটরিং প্রতিবেদন প্রকাশ করা হয়েছে। পরিদর্শনকালে ২০১১, ২০১২, ২০১৩, ২০১৪ সালের CIP মনিটরিং প্রতিবেদন পর্যবেক্ষণ করা হয়।

১৪.৬। **থিমেটিক রিসার্চ টিম গঠন:**

খাদ্য নীতি বিষয়ের উপর অ্যাকশন প্লান তৈরীর কাজ করার জন্য ১১টি মন্ত্রণালয়ের সমন্বয়ে ৪টি থিমেটিক রিসার্চ টিম গঠন করা হয়। এর মধ্যে থিমেটিক টিম 'ডি'-তে আইএমইডি অন্তর্ভূক্ত ছিল। কিন্তু এই রিসার্চ টিমগুলির পর্যায়ক্রমে প্রতি দুই সপ্তাহে একটি মিটিং করার কথা থাকলেও একটি করে মিটিং অনুষ্ঠিত হয়েছে।

১৪.৭। **খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট (এফপিএমইউ) এর জনবল বৃদ্ধি:**

এফপিএমইউ এর জনবল বৃদ্ধির জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ে ১২ জন জনবলের জন্য অনুমোদন চাওয়া হলে ৯জন জনবলের অনুমোদন দেওয়া হয়। পরিদর্শনকালে এফপিএমইউ এর মহাপরিচালক জানান শূণ্য পদে জনবল নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে।

১৪.৮। **উচ্চতর শিক্ষা বৃত্তি:**

প্রকল্পের আওতায় ৬জনকে সংশ্লিষ্ট বিষয়ে উচ্চ শিক্ষার জন্য বৃত্তি প্রদান করা হয়েছিল। এর মধ্যে ৪জন স্নাতকোত্তর ও ২জন এমফিল কোর্স সম্পন্ন করেছেন। উচ্চ শিক্ষা শেষে তাঁরা এফপিএমইউ-তে কর্মরত আছেন।

১৪.৯। **প্রশিক্ষণ:**

প্রকল্পের আওতায় মোট ২৪টি অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজনের মাধ্যমে মোট ৩৭১ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়। ৬টি অভ্যন্তরীণ শিক্ষা সফরের মাধ্যমে মোট ৪৬ জনকে এক সপ্তাহের প্রশিক্ষণ প্রদান করা হয়। ২২টি বৈদেশিক শিক্ষা সফরের মাধ্যমে ৪৮জনকে এক সপ্তাহের বৈদেশিক প্রশিক্ষণ দেওয়া হয়।

১৫। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

| অনুমোদিত | অর্জিত |
|---|---|
| ক) এফপিএমইউ এর প্রাতিষ্ঠানিক এবং ব্যাবস্থাপনা সক্ষমতা বৃদ্ধি। | ক) এফপিএমইউ এর কারিগরী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে একটি এফপিএমইউ-তে একটি সেন্ট্রাল সার্ভার বা Food Security and Nutrition Information System (FSNIS) স্থাপন করা হয়েছে। এফপিএমইউ-তে ৯টি নতুন পদ সৃষ্টি করা হয়েছে। |
| খ) এফপিএমইউ এর কারিগরী সক্ষমতা বৃদ্ধি। | খ) প্রকল্পের আওতায় এফপিএমইউ-এ কর্মরত কর্মকর্তাদের বিভিন্ন পর্যায়ে দেশে ও বিদেশে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও প্রকল্পের আওতায় বিদেশে উচ্চ শিক্ষা সম্পন্ন করার পর ৬জন কর্মকর্তা এফপিএমইউ-তে কর্মরত আছেন। প্রকল্পের আওতায় দেশে-বিদেশে মোট ৪৬৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |
| গ) এফপিএমইউ এর সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয় / সংস্থার সহযোগিতা বৃদ্ধি করা। | গ) এফপিএমইউ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় / সংস্থার প্রতিনিধিদের নিয়ে গঠিত থিমেটিক টিম সমূহের ১০১টি সভা ও ২৩টি ওয়ার্কশপ/সেমিনার আয়োজন করা হয়েছে। এগুলির মাধ্যমে জাতীয় খাদ্য নীতি এর কর্ম পরিকল্পনা এবং Country Investment Plan (CIP) এর মনিটরিং প্রতিবেদন, Policy Brief ও Nutrition Fact Sheet চূড়ান্ত করা হয়েছে। |

| অনুমোদিত | অর্জিত |
|---|---|
| | |
| ঘ) মধ্য ও দীর্ঘ মেয়াদী খাদ্য নিরাপত্তা বিষয়ক গবেষণা করা এবং খাদ্য নিরাপত্তা নীতি সম্পর্কিত বিষয়ে সরকারের সাথে প্রধান প্রধান স্টেকহোল্ডারদের আলোচনা অব্যাহত রাখা। | ঘ) এই লক্ষ্যে সর্বমোট ছয় শতাধিক মিটিং, কর্মশালা, সেমিনার ইত্যাদি আয়োজন করা হয়েছে। |

**১৬। সমস্যা:**

১৬.১ জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও) এর প্রতিনিধিগণ প্রকল্পের অর্থ ব্যয় ও প্রকল্পের কারিগরী নীতি ও কর্ম-পরিকল্পনা তৈরী করে থাকেন। বাংলাদেশের পক্ষে সমন্বয়কারী হিসাবে এই প্রকল্পের একজন প্রকল্প পরিচালক থাকা উচিৎ ছিল;

১৬.২ প্রকল্পের পিসিআর এ প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্য দেওয়া হয়নি;

১৬.৩ প্রকল্পের অর্থ ব্যয় সহ অন্যান্য আর্থিক কার্যাবলী সম্পূর্ণরূপে এফএও কর্তৃক সম্পন্ন করা হয়েছে। কিন্তু পিসিআর এ এ সংক্রান্ত কোন তথ্য নেই; এবং

১৬.৪ প্রকল্পের External Audit সম্পর্কিত তথ্য পিসিআর এ উল্লেখ করা হয়নি; এবং

১৬.৫ আইএমইডির নির্ধারিত ছকে প্রতি মাসে প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত তথ্য প্রদান করা হয়নি।

**১৭। সুপারিশ:**

১৭.১ ভবিষ্যতে এ ধরণের প্রকল্প গ্রহণের সময় বাংলাদেশের পক্ষে একজন প্রকল্প পরিচালকের উল্লেখ টিপিপিতে রাখার জন্য খাদ্য মন্ত্রণালয় উদ্যোগ গ্রহণ করবে;

১৭.২ পরবর্তীতে পিসিআর প্রেরণের সময় প্রকল্প পরিচালক সহ অন্যান্য তথ্য সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে করতে হবে;

১৭.৩ সমাপ্ত প্রকল্পটির External Audit প্রতিবেদন এর কপি আইএমই বিভাগে প্রেরণ করতে হবে; এবং

১৭.৪ ভবিষ্যতে বাস্তবায়নকারী সংস্থাকে প্রতি মাসে প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত নির্ভুল তথ্য আইএমইডির নির্ধারিত ছকে প্রেরণে সচেষ্ট থাকার বিষয়ে মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।

**পরিশিষ্ট "ক"**

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | অংগের নাম | একক | টিপিপি অনুযায়ী অংগের প্রাক্কলন | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারীদের বেতন | জন/মাস | ৫৩৬৯.০৮ | ১৪৮২.৩০ | ৫৩৬৯.০৮ | ১৪৮২.৩০ |
| ২। | পরামর্শকের সম্মানী | - | ৫২৪.৭০ | ৮৭.৫০ | ৫২৪.৭০ | ৮৭.৫০ |
| ৩। | চুক্তি ও গবেষণা | - | ৬৩৮.৮৭ | - | ৬৩৮.৮৭ | - |
| ৪। | ভ্রমণ | - | ৪২৮.৫৪ | - | ৪২৮.৫৪ | - |
| ৫। | প্রশিক্ষণ এবং ওয়ার্কশপ | - | ৭৭৬.৬৭ | - | ৭৭৬.৬৭ | - |
| ৫। | কারিগরী সহায়তা | জন/মাস | ১৩৭.৯৯ | ১০ | ১৩৭.৯৯ | ১০ |
| ৭। | সরবরাহ ব্যয় | - | ১৪২.৪৩ | - | ১৪২.৪৩ | - |
| ৮। | সাধারণ ব্যয় | - | ৩০৬.৬৮ | - | - | - |
| ৯। | সহায়তা ব্যয় | - | ৮৯৪.৯৩ | - | - | - |
| ১০। | ল্যাপটপ | সেট | ১৩.৮১ | ১১ | ১৩.৮১ | ১১ |
| ১১। | ডেস্কটপ কম্পিউটার | সেট | ১২.৭৮ | ৩২ | ১২.৭৮ | ৩২ |
| ১২। | প্রিন্টার | টি | ৯.৪৪ | ৪ | ৯.৪৪ | ৪ |
| ১৩। | ফটোকপিয়ার | টি | ৩.৫৭ | ১ | ৩.৫৭ | ১ |
| ১৪। | যানবাহন (মাইক্রোবাস) | টি | ১৪.৪৭ | ১ | ১৪.৪৭ | ১ |
| ১৫। | অন্যান্য যন্ত্রপাতি | - | ৩৬.৫৬ | - | ৩৬.৫৬ | - |
| ১৬। | সিডি/ভ্যাট | - | ৯৭.৩০ | - | ৯৭.৩০ | - |
| | **সর্বমোট** | | **৯৪০৭.৮৩** | | **৯৪০৭.৮৩** | |